

05



আজীজুল হক



সৈয়দ আকরম হোসেন

একাডেমী সাহিত্য পুরস্কার বিতরণ

।।স্টাফ রিপোর্টার।।

আমর একুশে '৯০ উপলক্ষে বাংলা একাডেমী কর্তৃক গৃহীত মাসব্যাপী অনুষ্ঠানমালায় গতকাল বৃহস্পতিবার বিকেলে বাংলা একাডেমী সাহিত্য পুরস্কার ১৯৮৯ প্রদান করা হয়। বাংলাদেশের সাহিত্যে সামগ্রিক অবদানের স্বীকৃতিস্বরূপ এবার জনাব আজীজুল হক ও সৈয়দ আকরম হোসেনকে এ পুরস্কার স্বরূপ নগদ ২৫ হাজার টাকা ও সম্মানপত্র আনুষ্ঠানিকভাবে প্রদান করা হয়। উল্লেখ্য গত মঙ্গলবার এ পুরস্কারপ্রাপ্তদের নাম ঘোষণা করা হয়। ৭-এর পাতায় দেখুন

একাডেমী পুরস্কার

প্রথম পৃষ্ঠার পর

অনুষ্ঠানে বাংলা একাডেমীর মহাপরিচালক প্রফেসর মাহমুদ শাহ কোরেশীর ভাষণ তার অনুপস্থিতিতে পাঠ করেন একাডেমীর অন্যতম পরিচালক বশীর আল-হেলাল।

স্বাগত ভাষণে প্রফেসর কোরেশী উল্লেখ করেন, দেশের যে দু'জন কৃতী সাহিত্য সাধককে এবার এ পুরস্কার দেয়া হয়েছে তারা তাদের অফুরন্ত সৃষ্টি দিয়ে তাদের কাব্যের সুখ, সাহিত্যের গবেষণা ও পর্যালোচনা দিয়ে আমাদের সাহিত্যের ভাণ্ডারকে সম্রো পূর্ণ করেছেন। সাহিত্যের সকল জ্ঞান-পিপাসু ও রস-পিপাসু অনুরাগী এর জন্য তাদের কাছে কৃতজ্ঞ। সেই সকল অনুরাগীর পক্ষ থেকে এবং বাংলা একাডেমীর পক্ষ থেকে পুরস্কারে ভূষিত সুধীত্বকে অভিনন্দন জানাই এবং তাদের সৃষ্টিমুখর উজ্জ্বল পরমায়ু কামনা করে।

বাংলা একাডেমীর সভাপতি ও এ অনুষ্ঠানের সভাপতি ডঃ আবদুল্লাহ আল-মুতী শরফুদ্দীনের নিকট থেকে পুরস্কার প্রাপ্ত সাহিত্যিকদ্বয় সম্মানপত্র ও ২৫ হাজার টাকার চেক গ্রহণ করেন।

সভাপতির ভাষণে ডঃ আবদুল্লাহ আল-মুতী শরফুদ্দীন বলেন, এ কৃতী সাহিত্যিকদ্বয় নবীনদেরকে অনুপ্রাণিত করবে সাহিত্য নির্মাণের জন্য। তিনি বলেন, অমর একুশ উপলক্ষে বাংলা একাডেমীর বিভিন্ন আলোচনা অনুষ্ঠান এবং বিভিন্ন কর্মকাণ্ডের মধ্য দিয়ে ভাষা আন্দোলনের বীর শহীদদের প্রতি আমরা শ্রদ্ধা নিবেদন করে থাকি।

সম্ভ্রাম সাংস্কৃতিক অনুষ্ঠানে একক সংগীত পরিবেশন করেন নিলুফার ইয়াসমিন।